



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।
www.ccb.gov.bd



তারিখঃ ২৪ মে ২০২২
১০ জ্যৈষ্ঠ ১৪২৯

প্রেস রিলিজ

২৪ মে ২০২২ খ্রি: রোজ-মঙ্গলবার বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন ও এসএমই ফাউন্ডেশনের যৌথ উদ্যোগে আয়োজিত ‘Consultation Meeting between Bangladesh Competition Commission and Small and Medium Enterprise Foundation’ সভা এসএমই ফাউন্ডেশনের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন এসএমই ফাউন্ডেশনের উপ-ব্যবস্থাপনা পরিচালক জনাব সালাহ উদ্দিন মাহমুদ। এছাড়াও সভায় উপস্থিত ছিলেন বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের বিজ্ঞ সদস্য জনাব জি. এম. সালেহ উদ্দিন, জনাব নাসরিন বেগম, কমিশনের পরিচালক জনাব মোঃ সালাহউদ্দিন আহাম্মদ, সহকারী পরিচালক জনাব নাজমুল হোসেন এবং এসএমই ফাউন্ডেশনের সকল কর্মকর্তাবৃন্দ।

সেমিনারে ব্যবসা-বাণিজ্য প্রতিযোগিতা আইন সম্পর্কে উদ্যোক্তাদের সচেতনতা বৃদ্ধি, আইন বাস্তবায়নে কমিশন ও এসএমই ফাউন্ডেশনের যৌথ উদ্যোগ গ্রহন ও বাস্তবায়নসহ বিভিন্ন দিক সম্পর্কে আলোচনা করা হয়।

ব্যবসা-বাণিজ্য প্রতিযোগিতা নিশ্চিতকরণ, প্রতিযোগিতা সংস্কৃতি সৃষ্টির লক্ষ্যে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন ও এসএমই ফাউন্ডেশনের যৌথ প্রচেষ্টা অব্যাহত রাখা, অংশীজন বিশেষ করে বিসিক, নাসিবসহ অন্যান্য সংস্থার সাথে সভা আয়োজন, যৌথ গবেষণা কার্যক্রম পরিচালনা, উদ্যোক্তাদের সচেতনতা বৃদ্ধি, উৎপাদন পর্যায়ে ব্রান্ডিং স্বীকৃতিসহ প্রতিযোগিতা সংক্রান্ত বিষয়ে গুরুত্বারোপ করেন।

স্বাক্ষরিত

(শেখ রুবেল)

জনসংযোগ কর্মকর্তা

টেলিফোন নম্বর: ০২-৫৫১৩৮৪১২

ই-মেইল : shehrubeldu@gmail.com